# বাংলাদেশ জাতীয়তাবাদী দল- অষ্ট্রেলিয়ার উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহ্যতি দিবস পালন

## সরকারের মধ্যবর্তী নির্বাচন দাবী

গত কাল ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহ্যতি দিবস উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল- অষ্ট্রেলিয়ার উদ্যোগে সিডনিস্থ এ্যশফিল্ড সিটিজেন পোলিশ ক্লাবে যথাযত মর্যাদা ও গুরুত্বের সাথে জাতীয় বিপ্লব ও সংহ্যতি দিবস পালন উপলক্ষে এক বিরাট আলোচনা সভার আয়োজন করা হয়। ডা আব্দুল ওয়াহাব বকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মনিরুল হক জর্জ, প্রাক্তন সাভাপতি বিএনপি অষ্ট্রেলিয়া ও সাবেক যুবদলের আর্ন্তজাতীক বিষয়ক সম্পাদক।

প্রধান অথিতির বক্তিতায় জনাব মনিরুল হক জর্জ বলেন, ৭ই নেভেম্বর আমাদের চেতনার মূল স্রোতধারা, ৭ই নেভেম্বর না হলে বাংলাদেশের স্বাধীনত্ থাকত না , আবারোও পরাধিনতার শিকলে বন্ধী হত। তিনি বলেন বর্তমান সরকার  রাষ্ট্র পরিচালনায় চরম ব্যর্থ হয়েছেন। তিনি বর্তমান আওয়ামী বাকশালী সরকারের পদত্যাগ দাবী করেন। জিয়া পরিবারের উপর বর্তমান সরকারের নির্যাতন নিপিড়ন মূলক কর্মকান্ডের বিরোদ্ধে হুশিয়ারী দিয়ে বলেন তারেক জিয়া তরুণ প্রজন্মের অহংকার বাংলার ভাবি রাষ্টনায়ক তার বিরোদ্ধে সকল মিথ্যাচার ও মামলা আবিলম্বে প্রত্যাহার করার দাবী করেএবং বর্তমান সরকারকে মধ্যবর্তী নির্বাচন দিয়ে জনপ্রিয়তা যাচায়ের আহবান জনান।

সভায় সুভেচ্ছা বক্তব্য প্রদান করেন, ড. জাকির মজুমদার, সিঃ সহ সভাপতি, বিএনপি অস্ট্রেলিয়া। তিনি বলেন আধিপত্যবাদীদের কবল থেকে দেশকে রক্ষাকরে গনতন্ত্রের পথে  যাত্রা করে জিয়া বহু দলীয় পতিস্ঠার পথ সুগম করের।

আব্দুল কাইয়ুম, সহ সভাপতি বিএনপি অস্ট্রেলিয়া,  বলেন বর্তমান সরকার প্রবাসীদের ভোটাধিকার প্রধানে গড়িমশি করে সময় কাটাচ্ছে, তিনি অভিলম্বে সরকারের নিকট থেকে এব্যাপারে কার্যকরী পদক্ষেপ চান।

এডভোকেট মোবারক হোসেন, সাবেক সাধারন সম্পাদক যুবদল, অস্ট্রেলিয়া, বলেন ৭ই নভেম্বর আমাদের চেতনার কেন্দ্র এবং জাতীয়তাবাদের উৎস।

মোঃ আবুল হাছান, সভাপতি যুবদল অস্ট্রেলিয়া, বলেন বালাদেশের ইতিহাসে ৭ই নভেম্বর একটি অনন্য দিন। ১৯৭৫ সালের এ দিনটিতে দেশপ্রেমিক সিপাহী-জনতার মিলিত এক বিপ্লব

সংঘটিত হয়েছিল। আর এ মহান বিপ্লবি ঘঠনায় আধিপত্যবাদী শক্তির সকল ষড়যন্ত নস্যাৎ হয়ে সুসংহত হয়েছিল দেশের স্বাধীনাতা ও সার্বভৌমত্ব।তাই এ দিনটি সিপাহী-জনতার বিপ্লব হিসাবে জাতির ইতিহাসে উজ্জল হয়ে আছে।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন জনাব রুহুল আহমেদ, সেলিম লকিয়াত, সিঃ সহসভাপতি যুবদল অস্ট্রেলিয়া, সাধারন সম্পাদক আব্দুল মতিন উজ্জল এবং সাংগাঠনিক সম্পাদক মো মাছুদুর রহমান মাসুদ।

উক্ত আলোচনা সভা **প**রিচালনা করেন জনাব ফজলুল হক শফীক, সাধারন সম্পাদক বিএনপি অষ্ট্রেলিয়া।

অনুষ্ঠানের দ্বীতীয় পর্বে এক আকর্ষনীয় সংগীত সন্ধার আয়োজন করা হয়। বাংলাদেশের প্রখ্যাত দুই শিল্পী যুগল আবিদা সুলতানা ও রফিকুল আলম অনুষ্ঠানে গান পরিবেশন করেন। কানায়কানায় দর্শক পরিপূর্ন্ হলে দুই শীল্পী তাদের গানের যাদুতে সবাইকে মুগ্ধ করে রাখেন।বহুদিন পর সিডনীবাসী নির্বেজাল সংগীত উপভোগ করে পরিপূর্ন আনন্দ পেলেন।




NATIONALIST PARTY (B.N.P.) AUSTRALIA
সাংস্কৃতিক অনুষ্ঠান


জাতীয়তাবাদী দল (বিএনপি) অস্ট্রেলিয়া
ESH NATIONALIST PARTY (B.N.P.) AUSTRALIA
বিপ্লব ও সংহতি দিবস ২০১০
সভা ও মনোজ্ঞ
অনুষ্ঠান




বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) অস্ট্রেলিয়া
NATIONALIST PARTY (B.N.P.) AUSTRALIA
জাতীয় বিপ্লব ও সংহতি দিবস ২০১০
আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক


বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) অস্ট্রেলিয়া
BANGLADESH NATIONALIST PARTY (B.N.P.) AUSTRALIA

